"নকলকে না বলি, দিন বদলের দৃঢ় প্রত্যয়ে দেশটাকে গড়ে তুলি"

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা


লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা

ফোন : ০৮১-৭৬৩২৮, ওয়েবসাইট : www.comillaboard.gov.bd


স্মারক নং : পরী/মাধ্য/এসএসসি/২০১৮/৩৩৬ তারিখ : ১১ জানুয়ারি ২০১৮ খ্রিঃ

বিষয় ঃ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা- ২০১৮ এর কক্ষ পর্যবেক্ষক স্থানান্তর প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, আসন্ন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা-২০১৮ সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে কোন পরীক্ষা কেন্দ্রের আওতাধীন প্রতিষ্ঠানসমূহের শিক্ষকগণকে ঐ কেন্দ্র ব্যতীত নিকটবর্তী অন্য পরীক্ষা কেন্দ্রে কক্ষ পর্যবেক্ষকের দায়িত্ব প্রদান করতে হবে। তবে যে সকল কেন্দ্রে পরীক্ষার্থীর সংখ্যা বেশি হওয়ার কারণে একাধিক হাই স্কুলকে ভেন্যু হিসেবে ব্যবহার করে সেসব ভেন্যুতে পরীক্ষায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহের কোন শিক্ষক ঐ ভেন্যুতে কক্ষ পর্যবেক্ষকের দায়িত্ব পালন করতে পারবে না। কেন্দ্রের আওতাধীন প্রতিষ্ঠানসমূহের কোন শিক্ষক যাতে সংশ্লিষ্ট কেন্দ্রে/ভেন্যুর কোন কক্ষে কক্ষ পর্যবেক্ষকের দায়িত্ব প্রাপ্ত না হন তা নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

**[বি:দ্র: তবে যে সকল কেন্দ্রে পরীক্ষার্থীদের আসন সংকুলান না হওয়ায় নিকটবর্তী প্রাথমিক বিদ্যালয়/ কলেজকে ভেন্যু হিসেবে ব্যবহার করে তাঁদের কোন শিক্ষক ঐ কেন্দ্রের আওতাধীন ভেন্যু/মূল প্রতিষ্ঠানে কক্ষ পর্যবেক্ষকের দায়িত্ব পালন করতে পারবেন না।]**

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

(কায়সার আহমেদ) ১১.০১.১৮
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
ফোন ঃ ০৮১-৭৬১৭২

জেলা প্রশাসক
কুমিল্লা / চাঁদপুর/ ব্রাহ্মণবাড়ীয়া/ নোয়াখালী/ ফেনী/ লক্ষ্মীপুর

স্মারক নং : পরী/মাধ্য/এসএসসি/২০১৮/৩৩৬(০৬) তারিখ : ১১ জানুয়ারি ২০১৮ খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

১। সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৩। উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা শিক্ষাবোর্ডের আওতাধীন সকল উপজেলা
৪। কেন্দ্র সচিব, এসএসসি পরীক্ষা -২০১৮ এর অনুমোদিত সকল কেন্দ্র
৫। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
৬। সংরক্ষণ নথি।


(কায়সার আহমেদ) ১১.০১.১৮
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
ফোন ঃ ০৮১-৭৬১৭২